

দ্বিতীয় একক অভীক্ষা - ২০২২

শ্রেণী : - পঞ্চম

বিষয় : - গণিত

সময় : - ১ ঘন্টা ২০ মি:

পূর্ণমান : - ৫০

১. নীচের প্রশ্নগুলির নির্দেশমতো উত্তর দাও : -

১ × ১০ = ১০

ক) ৭০ পয়সা = \_\_\_\_\_ টাকা।

খ) সঠিক চিহ্ন বসাতো : ০.০৪  ০.০০৪

গ) ঐকিক নিয়মে লোকসংখ্যা ও দিনের মধ্যে কী সম্পর্ক ?

ঘ) ৩ টার সময় ঘড়িতে ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যে কী ধরনের কোন উৎপন্ন হয় ?

ঙ) হাফ ডজন কলমের দাম ৪৮ টাকা হলে, ১ টি কলমের দাম কত ?

চ) সমকোণী ত্রিভুজের বৃহত্তম বাহুর নাম কি ?

ছ) বর্গক্ষেত্রের একটি বাহুর দৈর্ঘ্য = \_\_\_\_\_ ÷ ৪।

জ) রেখাংশের প্রান্তবিন্দু - i) ১ টি ii) ২ টি iii) ৩ টি

ঝ) সমকোণী ত্রিভুজের সমকোণ ছাড়া অপর কোনগুলির সমষ্টি কত ?

ঞ) চতুস্তলকের মোট কয়টি তল থাকে ?

২. যে- কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও : -

২ × ৬ = ১২

ক) ভূমি বাসে চেপে ধুলে যাচ্ছে। কন্ডাক্টরকে ২০ টাকা দিলে। তিনি তোমাকে ১৫.৫০ টাকা ফেরত দিলেন। বাসের ভাড়া কত ?

খ) ৫ কিগ্রা আলুর দাম ৬০ টাকা হলে ৯ কিগ্রা আলুর দাম কত ?

গ) ছোট থেকে বড়ো সাজাতো : - ৩.৪৫৭, ৩.৭৪৫, ৩.৩৭৫

ঘ) সরল করো :  $১৬ ÷ ৪ × ২ ÷ ৪ × ৩$

ঙ) বাগানে কিছু চারাগাছ বর্গাকারে সাজানো হয়েছে। ১ টি সারিতে ১১ টি চারাগাছ আছে। বাগানে মোট চারাগাছের সংখ্যা কত ?

চ) বিয়োগ করো : ৯৭ টাকা - ২৫.১৮ টাকা

ছ) স্থানীয় মানে বিস্তার কর : ৫৭৮.২৫১

পরের পৃষ্ঠায়....

৩. যে- কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :-

২ X ৪ = ৮

- ক) ৫ সেমি, ২ সেমি ও ৮ সেমি, দৈর্ঘ্যের রেখাংশ দিয়ে ত্রিভুজ তৈরি কি সম্ভব? যুক্তি দাও।
- খ) পার্থক্য লেখ :- রেখা ও রশ্মি
- গ) একটি বৃত্তের বৃহত্তম জ্যা ২০ সেমি হলে ওই বৃত্তের ব্যাসার্ধ কত?
- ঘ)  $80^\circ$ ,  $90^\circ$  ও  $35^\circ$  এই তিনটি কোণ দিয়ে কি ত্রিভুজ আঁকা যাবে? যুক্তি দাও।

ঘনবস্তু	তলসংখ্যা	তলের প্রকৃতি
গোলক		

ঙ) ছকটি পূরণ করো :

৪. যে- কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :-

৪ X ৩ = ১২

- ক) ২৫৫ বর্গমিটার ক্ষেত্রফল বিশিষ্ট বর্গাকার মাঠের চারিদিকে পাঁচিল দিতে প্রতি মিটার ৭ টাকা হিসেবে মোট কত খরচ হবে?
- খ) একটি হোস্টেলে ২৫০ জন ছাত্রছাত্রী আছে। তাদের ২৮ দিনের খাদ্য মজুত আছে। ১৭ দিন পর আরো ২৫ জন নতুন ছাত্র-ছাত্রী হোস্টেলে এল। এখন ওই খাবারে তাদের কতদিন চলবে?
- গ) এক ব্যক্তির ৬০০০০ টাকা ছিল। তিনি ২৫০০০ টাকা স্ত্রীকে ও ৭০০০ টাকা করে দুই পুত্রকে দিলেন। বাকি টাকা তিনি দান করলেন। তিনি কত টাকা দান করলেন?
- ঘ) ৭ জন লোক ১২ দিনে ৪২০০ টাকা আয় করলে, ৮ জন লোক ৯ দিনে কত টাকা আয় করবেন?

৫. যে- কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :-

৪ X ২ = ৮

- ক) একটি বৃত্ত একে তার কেন্দ্র, জ্যা ও ব্যাস চিহ্নিত করে দেখাও।
- খ) বাহুভেদে ত্রিভুজ কত প্রকার ও কী কী? চিত্রসহ প্রতিটি ত্রিভুজের সংজ্ঞা দাও।
- গ) একটি ঘনক অঙ্কন করো। এর কয়টি শীর্ষবিন্দুর সংখ্যা, তল সংখ্যা ও প্রান্তরেখার সংখ্যা তা লেখো।